



নির্বাচনকে সামনে রেখে আইন পাসের তৎপরতা প্রশ্নবিদ্ধ: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনের প্রাক্কালে সরকার হঠাৎ করে দুটি গুরুত্বপূর্ণ আইন পাসের উদ্যোগ নিয়েছে এ দাবি তুলে তীব্র আপত্তি জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২৮ নভেম্বর) দলের সহ-দপ্তর সম্পাদক মুহম্মদ মুনির হোসেনের পাঠানো এক বিবৃতিতে তিনি এই আশঙ্কা প্রকাশ করেন। ফখরুলের বক্তব্য অনুযায়ী, সংশোধিত পুলিশ কমিশন আইন এবং এনজিও সম্পর্কিত আরেকটি আইন দ্রুত জাতীয় সংসদে তোলা হতে পারে। তার ভাষায়, “নির্বাচনের ঠিক আগে এমন সংবেদনশীল আইন নিয়ে তড়িঘড়ি করা স্বচ্ছতার মধ্যে পড়ে না; বরং এটি অন্য কোনো উদ্দেশ্য বাস্তবায়নের ইঙ্গিত দিতে পারে।”

বিএনপি মহাসচিব মনে করেন, জনগণের পূর্ণাঙ্গ ম্যাডেট ছাড়া রাষ্ট্রের ভিত্তিমূলকে প্রভাবিত করতে পারে এমন আইন পাস করা দায়িত্বশীল সরকারের আচরণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি প্রস্তাব দেন, এই আইনগুলো ভবিষ্যৎ জাতীয় সংসদে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে প্রণয়ন করা উচিত। সরকারের প্রতি আহ্বান—অতি গুরুত্বপূর্ণ বিষয়ে তাড়াহুড়ো করে সিদ্ধান্ত না নেওয়া।

এদিকে দিনের শুরুতে জাতীয় প্রেস ক্লাবে বিএফইউজের দ্বিবার্ষিক কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন মির্জা ফখরুল। সেখানে তিনি বলেন, দেশবাসী এখন অপেক্ষা করছে ফেব্রুয়ারির নির্বাচনের মধ্য দিয়ে গণতান্ত্রিক শাসনব্যবস্থায় ফিরে যাওয়ার পথ খুলে যাবে কি না। একই সঙ্গে তিনি মনে করিয়ে দেন—গণতন্ত্র মানে শুধু ভোট নয়, মতামত প্রকাশের স্বাধীনতা রক্ষার দায়ও রাষ্ট্রের।